

বেথুন কলেজ সম্মিলনীর শতবর্ষে এক নতুন উপহার



বিগত ২২ নভেম্বর, ২০২১ বেথুন কলেজ সম্মিলনীর এক পরম প্রাপ্তির দিন। ঐ দিন সম্মিলনীর শতবর্ষকে স্মরণীয় করে রাখতে অসামান্য উদ্যোগ নিল GPO কলকাতা। বেথুন কলেজ সম্মিলনীর নিজস্ব প্রতীক (Logo) সহ প্রকাশ পেল বিশেষ খাম (Special Cover)। উদ্বোধন করলেন কলকাতা GPO-র Post Master General শ্রী নীরজ কুমার। ঐতিহাসিক Rotanda হলে উপস্থিত ছিলেন বেথুন কলেজের অধ্যক্ষা মাননীয় কৃষ্ণা রায়, প্রাক্তন অধ্যক্ষা মাননীয় পুষ্পা মিশ্রসহ বেথুন কলেজের প্রাক্তন ছাত্রী ও বর্তমান অধ্যাপিকারা। শতবার্ষিক এই Special Cover সম্মিলনীর গৌরবজনক স্মারক হয়ে রইলো, যা দেশে ও বিদেশে প্রচারিত হবে।

ড. মীনাক্ষী সিংহ

বিশিষ্ট সাহিত্য ব্যক্তিত্ব ও প্রাক্তন সভানেত্রী, বেথুন কলেজ সম্মিলনী